স্মারক নং-cpiaa/২০২৩/০৫ তারিখ-৩০/০৫/২০২৩

CPIAA এর কার্যনির্বাহী কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতিঃ আব্দুল মজীদ, সভাপতি, CPIAA

সময়ঃ রাত ১১.০০ ঘটিকা

তারিখঃ ২৪-০৫-২০২৩ ইং, বুধবার

চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটির ২য় সভাটি বিগত ২৪ শে মে ২০২৩ ইং তারিখ রোজ বুধবার রাত ১১:০০ ঘটিকা জুম মিটিং এ ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন CPIAA সভাপতি জনাব আব্দুল মজীদ। সভায় সকল অংশগ্রহণকারী আলোচনায় স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণ করেন এবং নির্বাহী কমিটির সাধারণ সম্পদক এম এ রহমান বকতিয়ার স্বাগত বক্তব্য প্রদানের মাধ্যমে সভা শুরু করেন।

সভায় অংশগ্রহণকারীদের তালিকা (পরিশিষ্ট-ক) —এ সন্নিবেশিত রয়েছে।

সভার আলোচ্য সূচীঃ

১. CPIAA এর কার্যনির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও অনুমোদন।
২. নির্বাহী কমিটির পদবী অনুযায়ী দায়িত্ব বন্টন ও সে অনুযায়ী দ্বায়িত্ব পালন।
৩. CPIAA এর অফিসিয়াল ওয়েব সাইট এর অগ্রগতি।
৪. মেম্বারশিপ সংক্রান্ত আলোচনা।
৫. অ্যাসোসিয়েশনের ফেইসবুক গ্রুপ ও পেইজ এর প্রচারণা।
৬. চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের সকল প্রাক্তন শিক্ষার্থীদের অ্যাসোসিয়েশনের ব্যাপারে রিমাইন্ডার প্রদান।
৭. বিবিধ

বিষয়সূচী	মূল আলোচনা	সিদ্ধান্ত/মন্তব্য
১। কার্যনির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও অনুমোদন।	সভায় কার্যনির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়।	সভায় উপস্থিত অংশগ্রহণকারীদের সকলের সম্মতিতে কার্যনির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী অনুমোদন ও গৃহীত হয়।
২। নির্বাহী কমিটির পদবী অনুযায়ী দায়িত্ব বন্টন ও সে অনুযায়ী দ্বায়িত্ব পালন।	সভায় গঠনতন্ত্র অনুযায়ী নির্বাহী কমিটির সদস্যদের পদবী অনুযায়ী দায়িত্ব বন্টন এর ব্যাপারে আলোচনা হয় এবং কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক এম এ রহমান বকতিয়ার গঠনতন্ত্র কমিটির গ্রুপে শেয়ার দেয়ার ব্যাপারে বলেন যেন কমিটির সদস্যবৃন্দ তা পড়ে নিজের দায়িত্ব বুঝতে পারে এবং পরবর্তী মিটিং এ বিস্তারিত আলোচনা করা যায়।	গঠনতন্ত্র কমিটির ফেইসবুক ও ওয়াটসঅ্যাপ গ্রুপে প্রদান করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। CPIAA এর অফিসিয়াল ওয়েব সাইট এর অগ্রগতি।	সভায় CPIAA এর সভাপতি আব্দুল মজীদ ওয়েবসাইট এর ডেমো উপস্থাপন করেন এবং কমিটির সদস্যবৃন্দ কয়েকটি ফিডব্যাক প্রদান করেন। যেমন: CPIAA এর সাংগঠনিক সম্পাদক মো: রফিকুল ইসলাম বলেন সদস্যদের তথ্যের ভিত্তিতে সিস্টেম জেনারেটেড সিভি এক্সপোর্ট এর ব্যবস্থা করতে হবে যেন নতুনরা এটি কোন জায়গায় আবেদনের জন্য ব্যবহার করতে পারে। CPIAA এর সাধারন সম্পাদক এম এ রহমান বকতিয়ার বলেন আবেদন করার পর চেক এবং অ্যাপ্রোভ এর সিষ্টেম থাকতে হবে এবং সদস্যর ধরন অনুযায়ী আলাদা আলাদা সদস্য আইডি হবে। CPIAA এর অর্থ সম্পাদক তুষার হলদার তন্ময় বলেন সদস্য আইডি এর সামনে সেশন অনুযায়ী প্রিফিক্স ব্যবহার করতে।	কমিটির সদস্যদের থেকে প্রাপ্ত ফিডব্যাক ওয়েবসাইট ডেভেলপমেন্ট এর ক্ষেত্রে যুক্ত করতে হবে। মেম্বার আইডি তে প্রিফিক্স হিসাবে ক্যাটেগরির শর্ট ফর্ম এবং সেশন এর শর্ট ফর্ম যুক্ত করতে হবে। যেমন আইডি হবে সাধারণ সদস্যের ক্ষেত্রে GM08080001 অথবা আজীবন সদস্যের ক্ষেত্রে হবে LM11120001
৪। মেম্বারশিপ সংক্রান্ত আলোচনা।	৭ম সেমিষ্টার এর ছাত্রদের অ্যালামনাই সদস্য করার জন্য পরিক্ষা শেষ হওয়ার আগেই স্বল্প টাকার বিনিময়ে তাদের ফর্ম পূরন এর ব্যাপারে CPIAA এর অর্থ সম্পাদক তুষার হলদার তন্ময় বলেন এবং এতে সবাই সম্মতি প্রকাশ করেন।	অতি দ্রুত CPIAA এর সভাপতি আব্দুল মজীদ ফর্ম এর কপি CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাব্বারকে প্রদান করবে এবং সে নতুনদের ১০ টাকা সদস্য ফি বাবদ নিয়ে সদস্য করার ব্যাপরে পদক্ষেপ নিবে।
৫। অ্যাসোসিয়েশনের ফেইসবুক গ্রুপ ও পেইজ এর প্রচারণা বাড়ানো	CPIAA এর প্রচার সম্পাদক আলী আকবর সামী অ্যাসোসিয়েশনের ফেইসবুক গ্রুপ ও পেইজ এ নিয়মিত পোষ্ট করে থাকে। তার সাথে আরো একজন একটিভ পার্সনকে মনোনয়ন করার জন্য আলোচনা করা হয় এবং সকলে কোন মেয়েকে উক্ত দ্বায়িত্ব প্রদানের ব্যাপারে সম্মতি প্রকাশ করে।	CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাব্বার পরবর্তীতে কাকে মনোনয়ন করা যায় সেটি নির্বাচন করে কমিটিকে জানাবে।
৬। চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের সকল প্রাক্তন শিক্ষার্থীদের অ্যাসোসিয়েশনের ব্যাপারে রিমাইন্ডার প্রদান।	চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের সকল প্রাক্তন শিক্ষার্থীদের অ্যাসোসিয়েশনের ব্যাপারে রিমাইন্ডার প্রদান এর ব্যাপারে আলোচনা হয় এবং CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাব্বার বলেন তিনি কলেজ থেকে যে শিক্ষার্থীদের ডাটাবেজ আছে তা সংগ্রহ করে কমিটিকে প্রদান করবে। CPIAA এর যুগ্ম সাধারণ সম্পাদক ওয়ালিদ হাসান বলেন রিমাইন্ডার পাঠানো ছাড়াও প্রত্যেকে কমপক্ষে ৫ জনকে কমিটির ব্যাপারে জানাতে হবে যেটি বেশি ফলপ্রসু হবে।	ডাটাবেজ সংগ্রহ করে ইমেইল এবং মোবাইল এসএমএস পাঠানো হবে এবং প্রত্যেকে কমপক্ষে ৫ জন পরিচিত শিক্ষার্থীকে জানাতে হবে।

৭। বিবিধ	এছাড়া ইনস্টিটিউট প্রাঙ্গনে বৃক্ষরোপণ ও দৃশ্যমান স্থানে সিপিআই এর কমিটির সদস্যদের নাম, ছবি ও পদবী সম্মলিত ব্যানার টাঙানোর ব্যাপারে আলোচনা হয়।	CPIAA এর সহ প্রচার সম্পদক আতিকুল কে ব্যানার ডিজাইন ও টাঙানোর দ্বায়িত্ব প্রদান করা হয় তাকে সার্বিক সাহযোগিতা প্রদান করবে CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাব্বার। ক্যাম্পাসে গাছ লাগানো হবে সদস্য রেজিস্ট্রেশন ফর্ম বিতরণ এর দিন।

সভায় অন্যান্য বিষয় না থাকায়, সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

A Morid

আব্দুল মজীদ
সভাপতি
কার্যনির্বাহী কমিটি, CPIAA।

পরিশিষ্ট-ক

অংশগ্রহণ কারীদের তালিকা: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে:)

১. আব্দুল মজীদ, সভাপতি, CPIAA।
২. এম এ রহমান বকতিয়ার, সাধারণ সম্পাদক, CPIAA।
৩. আব্দুল জাব্বার, সহ-সভাপতি, CPIAA।
৪. তুষার হলদার তন্ময়, অর্থ সম্পাদক, CPIAA।
৫. রফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক, CPIAA।
৬. রবিউল আওয়াল, অর্থ সম্পাদক, CPIAA।
৭. ইমন ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক, CPIAA।
৮. ওয়ালিদ হাসান, যুগ্ম-সাধারণ সম্পাদক, CPIAA।
৯. মাসুক রায়হান রাতুল, দপ্তর সম্পাদক, CPIAA।
১০. শামিম আহমেদ, সহ আইসিটি বিষয়ক সম্পাদক, CPIAA।
১১. সুভাস কুমার, সহ-সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক, CPIAA।
১২. আব্দুল বারি, সহ-সাংগঠনিক সম্পাদক, CPIAA।
১৩. সাদ উদ্দীন, সহ-সাংগঠনিক সম্পাদক, CPIAA।
১৪. সজিব রানা, সহ-সাংগঠনিক সম্পাদক, CPIAA।
১৫. আতিকুল ইসলাম, সহ-প্রচার সম্পাদক, CPIAA।